ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-১৯৯৯</u>
আগরতলা,২ ডিসেম্বর,২০২৪

## ১২-১৫ ডিসেম্বর আগরতলায় জাতীয় স্কুল গেমসের অনূর্ধ্ব ১৭ বালিকাদের জুডো প্রতিযোগিতা

আগামী ১২-১৫ ডিসেম্বর আগরতলায় অনুষ্ঠিত হবে ৬৮তম জাতীয় স্কুল গেমস ২০২৪-২৫ বালিকাদের অনূর্ধ্ব ১৭ জুনিয়র জুডোর আসর। আগরতলার এনএসআরসিসি'তে হবে ৪দিনব্যাপী জুডোর এই প্রতিযোগিতা। এই বিষয়ে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়ের সভাপতিত্বে আজ ভগৎ সিং যুব আবাসের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ, ক্রীড়ামন্ত্রীর ওএসডি বৈজয়ন্ত দাস, পদ্মশ্রী দীপা কর্মকার সহ দপ্তরের উচ্চপদস্থ আধিকারিক এবং সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ। প্রস্তুতি সভায় ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন, ৬৮তম জাতীয় স্কুল গেমসে অনূর্ধ্ব ১৭ বালিকাদের জুডোর আসর আগরতলায় অনুষ্ঠিত হবে। এই ক্রীড়া প্রতিযোগিতা সফল করে তুলতে সংশ্লিষ্ট সবাইকে উদ্যোগ নিতে হবে। এ ধরনের জাতীয় প্রতিযোগিতা আয়োজনে যাতে কোনও ত্রুটি না থাকে সে বিষয়ে সবাইকে সতর্ক থাকতে হবে। সভায় যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের যুগ্ম অধিকর্তা পাইমঙ্গ মগ অনূর্ধ্ব ১৭ বালিকাদের জুডোর আসরের প্রস্তুতি নিয়ে বিস্তারিত তথ্য তুলে ধরেন। তিনি বলেন, জাতীয় স্কুল জুডো আসরে বিভিন্ন রাজ্যের দল অংশ নেবে। প্রস্তুতি সভায় প্রতিযোগিতা আয়োজনের সার্বিক প্রস্তুতি ও বিভিন্ন বিষয়গুলো নিয়ে আলোচনা করা হয়। পাশাপাশি প্রতিযোগিতাকে সফল করতে একটি অর্গানাইজিং কমিটি সহ বিভিন্ন সাবকমিটিও গঠন করা হয়।

*****